দামুড়হুদায় সুধী সমাজের ব্যক্তিদের সাথে নবাগত ইউএনওর মতবিনিময়

দামুড়হুদায় নবাগত উপজেলা নির্বাহী অফিসারের সাথে সুধী সমাজের ব্যক্তিবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

নবাগত উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ মমতাজ মহল এর সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম তনু, জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল আব্দুল কাদের, উপজেলা জামাতের আমীর নায়েব আলী, সেক্রেটারি জেনারেল আবেদ উদৌলা টিটন, সহকারী সেক্রেটারী জেনারেল আব্দুল গফুর, আব্দুল ওদুদশাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, এনজিও প্রতিনিধি ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলী ইউপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দীন, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, উপজেলা ইসলামি আন্দোলনের সভাপতি এনামুল কবীর, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মুফতী মামুনুর রশীদ, উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি উত্তম রঞ্জন দেবনাথ, দামুড়হুদা বাস স্টান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন।

সভায় বক্তরা বলেন, ভারতীয় আগ্রাসন ও সীমান্ত হত্যাবন্ধ, শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার মান উন্নয়ন, তিন ফসলী জমি রক্ষা, সরকারি সম্পত্তি ও হাঁট-বাজার দখল মুক্তকরণ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দালাল মুক্তকরণ, মাদক, চোরাকারবারি, চাঁদাবাজ, চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার, অবৈধ অস্ত্র উদ্ধার, সড়ক সংস্কার, সাম্রদায়িক- সম্প্রীতি বজায় রাখা, আইন শৃঙ্খলার উন্নয়নসহ সমাজের অবহেলিত পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা নিশ্চিত করণের উপর গুরুত্বরোপ করে আলোচনা করেন। উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ মমতাজ মহল ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি)

আলমগীর কবির উপরোক্ত বক্তব্যের আলোকে সকল সমস্যা সমাধানের জন্য উপস্থিত সকল সূধীবৃন্দের সহযোগীতা কামনা করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা জাতীয় পার্টির সভাপতি আশরাফ আলী মল্লিক, সাধারণ সম্পাদক জামাল উদ্দিন, দামুড়হুদা থানা যুবদলের আহবায়ক মাহাবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, দর্শনা থানা যুবদলের আহবায়ক জালাল উদ্দীন লিটন, সদস্য সচিব মিলন মোল্লা, দর্শনা পৌর যুবদলের সদস্য সচিব জালাল উদ্দীন, উপজেলা সেচ্ছাসেবক দলের আহবায়ক ইকরামূল হক, দর্শনা কৃষক দলের আহবায়ক আশরাফুল হক বিপ্লব, উপজেলা ছাত্রদলের আহবায়ক আফজালুর রহমান সবুজ, সদস্য সচিব এম ডিকে সুলতান, দর্শনা পৌর ছাত্র দলের সদস্য সচিব ফরহাদ হোসেন সহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি, কবি সাহিত্যিক পরিষদের প্রতিনিধি ও সুশীল সমাজের প্রতিনিধি বৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা সমাজসেবা অফিসার হারুন অর রশীদ।